শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

# ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

(ISO 9001:2015 Certified)

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

ফোন নং- ০৮৫১-৫৭৫০০

ই মেইল bbariapbs@yahoo.com

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০১.০৩৮.২২. ৩৮৮৭

তারিখঃ ২০ শ্রাবণ ১৪২৯ বঙ্গাব্দ
০৪ আগস্ট ২০২২ খ্রিষ্টাব্দ

**বিষয়ঃ কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে UPS for CCTV (UPS-5) ক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি।**

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরের জন্য ০১টি UPS for CCTV (UPS-5) নিম্নোক্ত ছক ও শর্তাবলী অনুসারে নিজস্ব তহবিলের আওতায় কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতিতে বাংলাদেশী প্রকৃত সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হইতে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত সুস্পষ্ট আর্থিক ও কারিগরী দরপ্রস্তাব (একক এবং সর্বমোট) সহ দরপত্র আহবান করা যাচ্ছেঃ

| SL No | Tender No | Description of the Materials | Required Unit | Required QTY | Unit Price (Tk) | Total Amount (Tk) |
|---|---|---|---|---|---|---|
| 01. | 05/22-23 | UPS for CCTV (UPS-5) | Each | 01 | | |
| *কথায়ঃ* | | | | | *মোট =* | |

**Technical Specification:** *সংযুক্তি- ০১ পাতা*

*শর্তাবলীঃ*

০১। আগ্রহী দরদাতাগণ দরপত্র আলাদা একটি খামে আগামী ১৬/০৮/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত ক) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা, খ) ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া এর সদর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না।

০২। দরপত্র সমূহ ঐদিনই অর্থাৎ ১৬/০৮/২০২২খ্রিঃ তারিখ দুপুর ১২.০৫ মিনিটের সময় উপস্থিত দরদাতা/প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। অফারকৃত আইটেমের স্পেসিফিকেশন প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে দাখিল করতে হবে।

০৪। অফারকৃত স্পেসিফিকেশনের স্বপক্ষে Component এর মূল Printed Catalog/voucher অবশ্যই দাখিল করতে হবে।

০৫। সমিতির প্রদত্ত স্পেসিফিকেশন অনুযায়ী স্থানীয় বাজারে না পাওয়া গেলে প্রদত্ত স্পেসিফিকেশনের বিপরীতে উন্নত মডেল প্রদান করা যাবে। তবে এই ক্ষেত্রে অফারকৃত মালামালের যথেষ্ট কারিগরী ব্যাখ্যা (তুলনামূলক বিবরণীসহ) থাকতে হবে।

০৬। অংশ গ্রহণে ইচ্ছুক প্রতিষ্ঠানের বিক্রয়োত্তর সেবা প্রদানের জন্য সার্ভিস সেন্টার এবং স্থায়ী লোকবল থাকতে হবে। তাদের সার্ভিস সেন্টারের ঠিকানা এবং হার্ডওয়্যার মেরামতকারী ব্যক্তি/ব্যক্তিবর্গের (নূন্যতম ০২ জন) বিস্তারিত জীবনবৃত্তান্ত ও ফটো প্রদান করতে হবে। কার্যাদেশ প্রদানের পূর্বে প্রতিষ্ঠানের অফিস ও সার্ভিস সেন্টার সমিতি/বাপবিবোর্ডের প্রতিনিধি পরিদর্শন করতে পারবেন।

০৭। দরপত্রের সহিত দাখিলকৃত মূল্যের কমপক্ষে ৫০% মূল্যের Computer Accessories সরবরাহের সন্তোষজনক কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে। কার্যাদেশ প্রদানের পূর্বে দরপত্র দাখিলকারী প্রতিষ্ঠানের প্রদত্ত দলিলাদি সমিতি/বাপবিবোর্ডের প্রতিনিধি সরেজমিনে যাচাই করতে পারবেন।

০৮। সরবরাহকারীর দাখিলকৃত UPS for CCTV (UPS-5) এর ক্ষেত্রে Manufacturer এর Authorization Letter/Dealership/ Distributor/Reseller হিসাবে সনদ এর সত্যায়িত কপি সংযুক্ত করতে পারবে।

০৯। মালামাল সরবরাহকালে প্রত্যেক মালামালের সাথে সরবরাহকারী নাম, কার্যাদেশ নং, তারিখ ও ক্রমিক নং সম্বলিত একটি স্টিকার লাগানো থাকতে হবে।

১০। UPS for CCTV (UPS-5) সরবরাহ করার পর সংশোধিত পবিস নির্দেশিকা ৩০০-৩৬ এর আলোকে পরিদর্শন করিয়া নিতে হবে, তবে প্রয়োজনে UPS for CCTV (UPS-5) বাপবিবোর্ডের আইসিটি দপ্তর পরিদর্শন করতে পারবে।

১১। নির্দিষ্ট সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতি দিনের বিলম্বের জন্য পরিশোধযোগ্য বিলের উপর ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। কোন বিশেষ কারণে/পরিস্থিতিতে দরদাতার অনুরোধের প্রেক্ষিতে সময়সীমা বর্ধিত করা হলেও বর্ণিতভাবে জরিমানার অর্থ কর্তন করা হবে এবং এ ধরনের কর্তন কার্যাদেশ মূল্যের ১০% এর অধিক হবে না।

১২। দরপত্রের সাথে চলতি বৈধ ট্রেড লাইসেন্স, আয়কর ও ভ্যাট রেজিস্ট্রেশন সনদ এবং ব্যাংক সলভেন্সী (যদি থাকে) সত্যায়িত কপি সংযুক্ত করিতে হইবে । অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে ।

১৩। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে UPS for CCTV (UPS-5) সরবরাহের দরপত্র" কথাটি উল্লেখ করতে হবে। দরপত্রে উদ্ধৃত একক দর এবং মোট দর স্পষ্টাক্ষরে লিখিতে হবে। দরপত্রে কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা ও ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না।

১৪। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর প্রতিষ্ঠানকে অত্র সমিতি কর্তৃক সরকারী নিয়ামানুয়ায়ী ভ্যাট ও আয়কর কর্তনপূর্বক একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

১৫। সফল দরদাতাকে কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে মালামাল নিজ খরচে নিজ দায়িত্বে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরে পৌছাঁতে হবে। মালামাল সমূহ স্থাপনের পর সংশ্লিষ্ট অফিস হতে স্থাপিত মালামালের পরিমান উল্লেখ পূর্বক কার্য সম্পাদনের প্রত্যয়ন পত্র সংগ্রহপূর্বক দাখিল করতে হবে।

১৬। বর্ণিত UPS for CCTV (UPS-5) স্থাপনের পর প্রথম ০৩(তিন) বছরের জন্য পূর্ণ ওয়ারেন্টি প্রদান করতে হবে।

১৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের বিল হতে ১০% নিরাপত্তা জামানত কর্তন করে অবশিষ্ট টাকার বিল একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে পরিশোধ করা হবে, যা সরবরাহকৃত মালামালের কোনরূপ ক্রটি পরিলক্ষিত না হলে ০১(এক) বছর পর ফেরত প্রদান করা হবে।

১৮। মালামাল সরবরাহের সময় অপারেটিং ম্যানুয়াল, টুলস ও সকল প্রকার কপি রাইট সিডি (প্রযোজ্য ক্ষেত্রে) প্রদান করতে হবে।

১৯। কার্যাদেশ প্রদানের পূর্ব পর্যন্ত সমিতি যে কোন দরপত্র গ্রহণ/প্রত্যাখ্যান অথবা দরপত্র প্রক্রিয়া বাতিল অথবা সকল দরপত্র প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে।

২০। ব্রাহ্মণবাড়িয়া পবিস কোন ধরনের কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

২১। যে কোন পবিস এ কালো তালিকাভুক্ত কোন প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র বাতিল বলে বিবেচিত হবে।

২২। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন কোন ক্ষেত্রে বাপবিবো/পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হবে।

04.8.22

(মোঃ আখতার হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ- (বহুল প্রচারের নিমিত্তে আপনার নোটিশ বোর্ডে টানানোর অনুরোধ সহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, আইসিটি এর দপ্তর, বাপবিবোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল)।
০৩। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
০৪। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
০৫। নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, ব্রাহ্মণবাড়িয়া।
০৬। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ/এলজিইডি, ব্রাহ্মণবাড়িয়া।
০৭। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...................................... পবিস-১/২/৩/৪।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
০৯। ডিজিএম, কসবা সদর জোনাল অফিস/সহঃ প্রকৌশলী, বাপবিবোর্ড, ব্রাহ্মণবাড়িয়া/এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম), ব্রাহ্মণবাড়িয়া পবিস।
১০। মেসার্স ------------------------------
১১। নোটিশ বোর্ড/ওয়েবসাইট/অফিস/মাস্টার কপি।

04.08.22

(ইন্দ্রজিত চন্দ্র ভৌমিক)
এজিএম (প্রশাসন)